COMPLIED & CIRCULATED BY
DIPASHRI ROY
STATE AIDED COLLEGE TEACHER
DEPT OF BENGALI
NARAJOLE RAJ COLLEGE
6th Semester (U.G)
Core Course
Paper – C613

-: লোকগীতির বৈশিষ্ট্য ও তার শ্রেণীবৈচিত্র্য :-

লোকসাহিত্যের একটি জনপ্রিয় বিষয় লোকগীতি। এগুলি একটি মাত্র ভাব অবলম্বনে গীত হওয়ার উদ্দেশ্যেই রচিত এবং লোকসমাজে কর্তৃক মৌখিকভাবে প্রচারিত। তাই শিক্ষিত পল্লীগায়ক ও কেবলমাত্র তার স্মরণশক্তির ওপর নির্ভর করে এই গান গেয়ে থাকে। লিখিত পুঁথি বা গ্রন্থের ওপর সে নির্ভর করে না। সেইজন্য যৈমনসিংহ গীতিকা বা অন্য কোনো বিষয়ে হস্তলিখিত পুঁথি আবিষ্কৃত হলেও লোকগীতির কোনো লিখিত পুঁথি আবিষ্কৃত হয়নি। কারণ পল্লীবাসীর মুখে মুখে এর রচনা ও প্রচার। এমনকি তাদের স্মৃতির মধ্যেই গানের অবস্থান।

লোকগীতির বৈশিষ্ট্য :

১. মিশ্র উপকরণ নিয়ে যেমন লোকসংস্কৃতির গঠন ও লোকসাহিত্যের সৃষ্টি, তেমনি লোকসঙ্গীতের মিশ্র উপাদান আছে। এই বহিরাগত উপকরণগুলি যখন লোকসমাজে স্বাঙ্গীকৃত হয় এবং পল্লীজীবনের রসানুগামী হয়ে শ্রুতি পরম্পরায় অগ্রসর হতে পারে তখন তার মধ্যে কোনোরকম কৃত্রিমতাই থাকে না। এক্ষেত্রে পল্লীগীতির নিজস্ব সুর আরোপিত হওয়ায় উপাদানগুলির বহিরাগত পরিচয় সম্পূর্ণ লুপ্ত হয়ে তা লোকগীতির বৈশিষ্ট্য লাভ করে।

২. উচ্চতর সঙ্গীত যেমন ব্যক্তিগত সাধনার দ্বারা গুরুর কাছে শিক্ষালাভ করতে হয়, লোকসঙ্গীতে তার প্রয়োজন হয় না। সমাজের অধিকারী যে, সে এর মূল গায়েন হতে পারে। কিন্তু তার সঙ্গে বসে ধুয়া করার অধিকার সমান।

৩. লোকগীতি লোকসমাজের অন্তর্ভুক্ত প্রত্যেক ব্যক্তির নিজস্ব রসবস্তু হলেও বিশেষ ধরনের গীতি বিশেষ বিশেষ পুরুষেরা গায়না। কুমারী মেয়েদের মত গীতি বিশেষ বিশেষ পুরুষেরা গায়না। বিধবা, কুমারী বা সধবাদের মত ঐহিক আশা আকাঙ্ক্ষার কোনো বিষয়ের গান গায়না। আবার 'পটুয়ার গান' পটুয়ারা পট দেখাবার সময় গেয়ে থাকে। বেদেরা সাপের খেলা দেখাবার সময় বেদের গান গেয়ে থাকে। অন্য কেউ অন্য কোনো সময়ে স্বতন্ত্রভাবে তা গায় না। অবশ্য কিছু কিছু লোকসঙ্গীত সমষ্টি বা ক্ষুদ্রগোষ্ঠী ছাড়াও ব্যক্তিবিশেষের দ্বারাও গীত হয়ে থাকে। যেমন – "উড়িষ্যার কোন কোন অঞ্চল পতিগৃহে যাত্রার সময় কন্যা নিজেই বিদায়সঙ্গীত গেয়ে থাকে।"

COMPLIED & CIRCULATED BY
DIPASHRI ROY
STATE AIDED COLLEGE TEACHER
DEPT OF BENGALI
NARAJOLE RAJ COLLEGE
6th Semester (U.G)
Core Course
Paper - C-13

৪. একের লোকসঙ্গীতের রচয়িতা, সুরকার বা গায়ক বিভিন্ন ব্যক্তি হতে পারেন, কিন্তু লোকসঙ্গীতের গায়ক অজানাই হতে পারে। এর রচয়িতা বা সুরকার কেউ নেই। বলা যেতে পারে লোকসঙ্গীত রচিত হয়না, সমাজ মন থেকে এগুলি প্রবাহিত হয়। সমাজ জীবনের ব্যবহারিক প্রয়োজন থেকে এগুলির উদ্ভব। সেইজন্য অনেক লোকসঙ্গীত বিশেষ বিশেষ সামাজিক অনুষ্ঠানে গীত হয়ে থাকে।

৫. লোকসাহিত্যের মত লোকসঙ্গীত কেবলমাত্র মুখ্যচৈতন্যের বাহক নয়, এর ভেতর মুখর অতীত মুখের উচ্চারণও আত্মরক্ষা করে থাকে। সমষ্টি সাধারণীকৃত অকৃত্রিম স্বতন্ত্র সমাজ ও চেতনাতে লোকসঙ্গীত পরিবেশও এর মধ্যে রক্ষা হয়।

৬. গীতিকার মতে লোকগীতিতে কোন জটিলতা থাকে না। থাকলেও তা নিতান্ত অসংলগ্ন ও শিথিলভাবে থাকে। তাই লোকগীতির গান ও সুর তার প্রধান অঙ্গ। তাই রাগসঙ্গীতের লোকগীতি অত্যন্ত উদাসীন এবং সুরছাড়া এগুলির রস উপলব্ধি করা সম্ভব না। প্রত্যেক লোকগীতির একটা নিজস্ব সুর আছে। বাক্যের সঙ্গে অর্থের যে সম্পর্ক লোকগীতির কথার সঙ্গে সুরেরও সেই সম্পর্ক। সেইজন্য লোকগীতির কথা থেকে সুরকে বিচ্ছিন্ন করা যায়।

৭. লোকগীতির শ্রেণীবিভাগ :—

বিষয় ও ভাবের দিক দিয়ে বাংলার লোকসঙ্গীতগুলিকে কয়েকটি ভাগে ভাগ করা যেতে পারে। যেমন —

(ক) ভাওয়ালিয়া গীতি : পূর্ববঙ্গের প্রচার বাংলাদেশের বিভিন্ন ভাওয়ালেই সীমাবদ্ধ। দুর্গাপুরবাসী পল্লিমায়ের কন্যা, বেদু, কুমুর, উত্তরবঙ্গে মহুয়া, গোন, গোয়াইয়া, দক্ষিণবঙ্গে ঢালি শ্রেণীর বৈষ্ণব করা যেতে পারে, তবে ভাওয়ালিক হলেও গান গুলির বিষয়বস্তুতে বাংলাদেশের লোকজীবনের সার্বিক বৈচিত্র্য ধরা পড়েছে। যেমন মহুয়া সঙ্গীতের বিষয়বস্তু কুহকলীলা, রাগমান ও মানভঞ্জন, বেদু গানের বিষয়বস্তু সুফিতত্ত্বকথা। মহুয়ার বিষয়বস্তু বিরহমন্থিত। গোয়াইয়ার বিষয়বস্তু প্রেম। ভাওয়ালীর এই নিজস্ব বিষয়বস্তুর জন্যই গান গুলি ভাওয়ালিক হলেও সামগ্রিকভাবে বাংলা লোকসঙ্গীতের অন্তর্ভুক্ত।

COMPLIED & CIRCULATED BY
DIPASHRI ROY
STATE AIDED COLLEGE TEACHER
DEPT OF BENGALI
NARAJOLE RAJ COLLEGE
6th Semester (U.G)
Core Course
Paper – CS13

(ঘ) লৌকিক প্রেম গীতি :- লোকসাহিত্যে লৌকিক প্রেমগীতি সবচেয়ে ব্যাপক ও বিস্তৃত স্থান অধিকার করে আছে এই সঙ্গীতগুলির মধ্যে মূলত লৌকিক মানবমানবীর চিরন্তন প্রেম সম্পর্ক প্রত্যক্ষভাবে প্রকাশিত হয়েছে। বৈষ্ণব প্রভাবের পরবর্তীকালে এই প্রেম সম্পর্কের দ্বারা মূলত রাধাকৃষ্ণের মিলন কথার মধ্য দিয়ে রূপলাভ করেছে। রাধাকৃষ্ণের এই কাহিনী গ্রহনের ফলে প্রেমগীতিগুলি ভাব, চিত্র ও রসের দিক দিয়ে অনেকটা গতানুগতিক ও বৈচিত্র্যহীন হয়ে পড়েছে। অবশ্য রাধাকৃষ্ণের এই নাম গ্রহনের ফলে প্রেম-গীতিগুলিতে কোথাও সামান্য গ্রাম্যতা প্রকাশ পেলেও পূর্বের অশ্লীল ভাব-ইঙ্গিত থেকে গানগুলি অনেকাংশে মুক্ত হয়েছে।

(গ) পারিবারিক বা ব্যবহারিক সঙ্গীত :- এই জাতীয় সঙ্গীতগুলি পারিবারিক জীবনের ব্যবহারিক প্রয়োজনেই গীত হয়। মূলত নারী সমাজের মধ্যে সীমাবদ্ধ বলে গানগুলিকে মেয়েলি সঙ্গীতও বলা হয়। গর্ভধান, বিবাহ, পঞ্চামৃত, সাধভক্ষন, অন্নপ্রাশন, উপনয়ন ইত্যাদি পারিবারিক অনুষ্ঠান উপলক্ষ্যে এইসমস্ত গানগুলি গাওয়া হয়ে থাকে। গানগুলি অত্যন্ত নিরাভরন, বহিরঙ্গে যেমন অলঙ্কার নেই ভাবের দিক দিয়ে তেমনি এগুলিতে বিশেষ গভীরতা নেই। গানগুলিতে বর্তমান রামায়ন ও রাধাকৃষ্ণের প্রসঙ্গ প্রভাব বিস্তার করলেও এগুলির সৌন্দর্য বিশেষ বৃদ্ধি পায়নি।

(ঘ) আনুষ্ঠানিক বা পার্বন সঙ্গীত :- এই জাতীয় সঙ্গীতগুলি বছরে নির্দিষ্ট দিনে অনুষ্ঠিত কোন পার্বন উপলক্ষ্যে গীত হয়। বছরের মধ্যে এই পার্বন বা অনুষ্ঠানের দিনটি পূর্বনির্দিষ্ট থাকে বলে এগুলিকে ইংরাজীতে Calendonic Song বলে। পারিবারিক সঙ্গীতের মত এগুলি কেবল নারীদের মধ্যে সীমাবদ্ধ থাকে না। নারী-পুরুষ উভয়েই অংশগ্রহন করে থাকে। তবে মেয়েলি ব্রত অনুষ্ঠানের গানগুলি যেমন মেয়েরা গায় তেমনি গাজন প্রভৃতি অনুষ্ঠানের গানগুলি পুরুষরাই পেয়ে থাকে। এইসব সঙ্গীতের সঙ্গে কোন কোন অঞ্চলে নৃত্যও যুক্ত হয়ে থাকে।

(ঙ) কৃষিসঙ্গীত :- কৃষিসঙ্গীতগুলিকে বাংলা Working Song বলে। অবশ্য পাশ্চাত্য Working Song-এ কৃষিকার্য ছাড়াও অন্যান্য বস্তুবিষয়ের সঙ্গীত স্থান পায়। কারন পাশ্চাত্য-সমাজে কৃষিপ্রধান কাজ নয়। কিন্তু বাংলার সমাজে পুরুষের সমস্ত বহির্মুখী কর্মই কৃষিকেন্দ্রিক। সেইজন্য

COMPLIED & CIRCULATED BY
DIPASHRI ROY
STATE AIDED COLLEGE TEACHER
DEPT OF BENGALI
NARAJOLE RAJ COLLEGE
6th Semester (U.G)
Core Course

বাংলাদেশের কর্ম বিষয়ক লোকসঙ্গীত বলেতে কৃষিসঙ্গীতগুলিকে বোঝায়। কৃষিকার্য পুরুষের বহির্মুখী কর্ম হলেও গৃহস্থের সমৃদ্ধির জন্য নারীরাও তাতে সাধ্যমত সহায়তা করে থাকে তাই কৃষিবিষয়ক সঙ্গীতগুলি নারী-পুরুষ উভয়ের মধ্যে সমানভাবে প্রচলিত। পারিবারিক সঙ্গীতগুলির মত কৃষিবিষয়ক সঙ্গীতগুলি পারিবারিক বা ব্যক্তিগত জীবনে প্রয়োজনীয়তা অবলম্বনে শুধু গাওয়া হয় না, এর একটা বৃহত্তর ব্যবহারিক মূল্য আছে। যে সময়ে এগুলি গাওয়া হোক না কেন এগুলির আবেদন অনেকটা সার্বজনীন।

— o —